

## মডেল প্রশ্ন

## দ্বাদশ শ্রেণি

## বিষয় : বাংলা ২য় পত্র

সময় : ৩ ঘন্টা

পূর্ণমান—১০০

[ দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক । একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষণীয় । ]

- ১। ক. ট্রাজেডি কাকে বলে? ট্রাজেডি হিসেবে রঞ্জাজ প্রান্তর নাটকের সার্থকতা বিচার কর । ১০  
অথবা,  
খ. 'রঞ্জাজ প্রান্তর' নাটক অনুসারে জোহরা বেগমের চরিত্র বিশ্লেষণ কর ।
- ২। ক. 'তুমি পশু, সে দেবতা' - কে, কাকে, কেন এ উক্তিটি করেছে? ৫  
অথবা,  
খ. 'আমার পক্ষে অনির্দিষ্টকাল পর্যন্ত উদাসীন থাকা সম্ভব নয়' - কে, কাকে, কেন এ কথা বলেছে?
- ৩। সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : ৫  
ক. আমি আর একজনের জন্য অপেক্ষা করবো ।  
অথবা,  
খ. আপনি দার্শনিক । বুদ্ধি দিয়ে সবকিছু বিচার করতে অভ্যস্ত । আমি নারী । আমি হৃদয় দিয়ে বিশ্বজয় করবো ।
- ৪। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখ : ২০×১=২০  
ক. তোমার প্রিয় কবি  
খ. আমাদের স্বাধীনতা সংগ্রাম  
গ. আধুনিক তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ  
ঘ. বাংলাদেশের পোশাক শিল্প  
ঙ. সমুদ্র সৈকতে একদিন
- ৫। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫=৩০  
ক. উৎপত্তিগত বিচারে বাংলা শব্দ কয় প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ ।  
খ. গঠন অনুসারে বাংলা বাক্য কয় প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ ।  
গ. ও-ত্ব বিধান বলতে কী বুঝ? ও-ত্ব বিধানের পাঁচটি নিয়ম লেখ ।  
ঘ. ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : (যে কোনো ছয়টি)  
আমরা, মনগড়া, হাতাহাতি, পঙ্কজ, রাজপথ, পঞ্চবটী, সিংহাসন, জনমানব, সপ্তাহ ।  
ঙ. নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর : (যে কোনো ছয়টি)  
ঐচ্ছিক, সম্রাট, জয়, বক্তব্য, পানতা, দৈত্য, শারীরিক, কর্তব্য, মৌখিক ।

চ. পারিভাষিক শব্দ লেখ : (যে কোনো ছয়টি)

Manuscript; Deed of gift; White Paper; Publication;  
Cabinet; Bail; Global; Green-room; Editor.

ছ. বিপরীত শব্দ লেখ : (যে কোনো ছয়টি)

প্রাচীন, ঐহিক, মসৃণ, অশন, হর্ষ, বিদ্বান, ধ্বংস, উত্থান, আবশ্যিক।

জ. বানান শুদ্ধ করে লেখ : (যে কোনো ছয়টি)

বিভিষিকা, শান্তনা, আকাংখা, পোষ্টঅফিস, প্রতিযোগীতা, মন্ত্রীশভা, সন্যাসি,  
উচ্ছাস, পরিষ্কার।

৬। ক. তোমার সদ্য পড়া একটি বই সম্পর্কে মতামত জানিয়ে বন্ধুর নিকট পত্র লেখ। ১০  
অথবা,

খ. তোমার এলাকার বিদ্যুৎ সংকট নিরসনে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে  
প্রকাশের জন্য পত্র লেখ।

৭। ক. 'ইভটিজিং প্রতিরোধে ছাত্র সমাজের ভূমিকা' - শিরোনামে একটি মঞ্চভাষণ রচনা  
কর। ১০

অথবা,

খ. 'খাদ্যে ভেজালের কারণ ও প্রতিকার' - শিরোনামে একটি প্রতিবেদন রচনা কর।

৮। ভাব-সম্প্রসারণ কর : ১০

ক. পুণ্যে পাপে দুঃখে সুখে পতনে উত্থানে  
মানুষ হইতে দাও তোমার সন্তানে।

অথবা,

খ. দাও ফিরে সে অরণ্য লও এ নগর।